গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন,
সেগুনবাগিচা, ঢাকা।
**www.nbr.gov.bd**

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৩.১০.০০১-২০২০/ ২৯৬

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
২৩ মে ২০২১ খ্রিষ্টাব্দ

***প্রজ্ঞাপন***

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের স্মারক নং-৮০.১০৪.০১১.০০.০০.০১০.২০১১(অংশ-১)-১৯৮, তারিখঃ ১৯ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ এর মাধ্যমে সুপারিশকৃত ৩নং অনুচ্ছেদে বর্ণিত ০৩ (তিন) জন প্রার্থীকে ইতোপূর্বে নিয়োগকৃত ৩২৬ জনের অনুবৃত্তিক্রমে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ বেতনক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগে সহকারী রাজস্ব কর্মকর্তা পদে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো ঃ

(ক) তাঁকে শুল্ক, আবগারী ও ভ্যাট ট্রেনিং একাডেমীতে অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/দপ্তরে অন্যূন ০৩ (তিন) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকুরির সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্তৃপক্ষ যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তাঁর শিক্ষানবিশি মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল এবং তিনি উপানুচ্ছেদ (ক) এর অধীন নির্ধারিত প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তা হলে এ পদে তাঁর নিয়োগ স্থায়ী করা হবে;

(ঙ) চাকুরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ বছরের মধ্যে চাকুরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন;

(চ) তাঁর ইস্তফাপত্র সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঠ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লেখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২০/০৬/২০২১ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে পদায়নকৃত সংশ্লিষ্ট কর্মস্থলে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা মহোদয়কে সম্বোধনপূর্বক তিনি তাঁর যোগদানপত্র পদায়নকৃত কর্মস্থলে দাখিল করবেন। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে।

০৩। পদের নাম ঃ সহকারী রাজস্ব কর্মকর্তা।

নিয়োগপ্রাপ্ত ঃ ০৩ (তিন) জন।

| *ক্রমিক নম্বর* | *সরকারী কর্ম কমিশনের ক্রমিক নম্বর* | *রেজিস্ট্রেশন নম্বর* | *নাম ও জন্ম তারিখ* | *নিজ জেলা* | *পদায়নকৃত কর্মস্থল* |
|---|---|---|---|---|---|
| ১. | ১০ | ০০২০৫৯ | জনাব মোঃ সোহেল মল্লিক<br>০৫/০৯/১৯৮৯ খ্রিঃ | বরিশাল | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা। |
| ২. | ১৭০ | ২০৫৯৬৮ | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>১৯/০২/১৯৯১ খ্রিঃ | কুষ্টিয়া | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর। |
| ৩. | ৩৩১ | ০১০৩৫১ | জনাব মোঃ আব্দুল্লাহ জুবায়ের রহমান<br>১৬/১১/১৯৯১ খ্রিঃ | যশোর | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[signature] 26/05/2021

(মোঃ ঈদতাজুল ইসলাম)
উপসচিব
প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন)
ফোনঃ ৮৩৯১৫৭০
email : nbr.cev3@gmail.com

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৩.১০.০০১-২০২০/ ২২৬(৮)

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ / ২৩ মে ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫. কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা।
৬. কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।
৭. কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর।
৮. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

বর্ণিত প্রার্থীদের যোগদানকালে জাতীয় রাজস্ব বোর্ড হতে ই-মেইলে প্রেরিত তাদের ছবির স্ক্যান কপির সাথে মিলিয়ে যোগদানপত্র গ্রহণ ও যোগদান সংক্রান্ত সকল কাগজপত্রের মূল কপি পরবর্তী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণের জন্য সংশ্লিষ্ট কমিশনার/মহাপরিচালকগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১১. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১২. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা/রংপুর।
১৩. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, যশোর।
১৪. ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক ও ভ্যাট অনুবিভাগ এর সকল সদস্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৫. ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৬. জনাব..........................................................................................................
১৭. ব্যক্তিগত নথি।

২৬/০৫/২০২১

(মোঃ ঈদতাজুল ইসলাম)
উপসচিব
প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন)
ফোনঃ ৮৩৯১৫৭০